

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারক নং- খবিম/হঃ শাঃ/৪-১৭২/২০১২- ৫৬

তারিখ: ০১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি জনাব আহমাদ হসাইন রাকিব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স Abyadz Travels & Tours (HL-579), 1034/1, Begum Rokeya Sharani (Gr. Floor) East Shewrapara, Mirpur, Dhaka-1216. এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৭ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু আপনার এজেন্সির মাধ্যমে হাজী জনাব মির্জা মোহাম্মদ কাওছার এবং জনাব সাজ্জাদ জহির অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও দলনেতা, হজ প্রশাসনিক দল-২০১৭ বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন :

“হজযাত্রীদের আবাসন হারাম শরীফ থেকে ৫/৭ কি.মি. দূরত্বে রাখা, মানসম্মত খাবার পরিবেশন না করা এবং প্রতিশ্রুতি মোতাবেক সেবা প্রদান না করাসহ অন্যান্য” এবং

যেহেতু উক্ত অভিযোগের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৭ অনুসারে গঠিত তদন্ত কমিটির মাধ্যমে অভিযোগকারী এবং আপনার উপস্থিতিতে উভয় পক্ষের শুনানী গ্রহণ করে অভিযোগের বিষয়ে তদন্ত করা হয়েছে; এবং


যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি মওকুফ/রিভিউ করার জন্য লিখিতভাবে অনুরোধ/আবেদন করেছেন এবং রিভিউ শুনানীতে উপস্থিত হয়ে আনীত অভিযোগ খন্ডন করার তথ্য/প্রমাণ দাখিল করেছেন এবং

যেহেতু আপনার হজ এজেন্সিকে প্রাথমিকভাবে শাস্তি প্রদানের পর ০২ (দুই) বছর হজের কার্যক্রম পরিচালনা করতে পারেনি, আপাত দৃষ্টিতে এজেন্সি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হলেও সার্বিক পর্যালোচনায় অভিযোগটি প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান; এবং

যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ এর (ছ) অনুযায়ী আপনার পরিচালিত Abyadz Travels & Tours (HL-579) এজেন্সিকে ০৪ (চার) লক্ষ টাকা জরিমানার শাস্তি পুনঃনির্ধারণ করা হলো। অনতিবিলম্বে উক্ত জরিমানার অর্থ ১-৩৫০১-০০০১-১৯০১ কোডে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক চালানের মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য বলা হলো।


১৫.০১.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬২৮৫.
e-mail: morahajsection@gmail.com

জনাব আহমাদ হসাইন রাকিব
স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার
Abyadz Travels & Tours (HL-579)
1034/1, Begum Rokeya Sharani (Gr. Floor)
East Shewrapara, Mirpur, Dhaka-1216.